দৈনিক বাংলা

তারিখ 25 NOV 1981
পৃষ্ঠা 6 কলাম 4

# সরকার শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে ব্যর্থঃ ছাত্র ঐক্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ গণতান্ত্রিক ছাত্র ঐক্য নেতৃবৃন্দ অভিযোগ করেছেন যে, সরকার শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে পুরোপুরিব্যর্থহয়েছে।

রবিবার সচিবালয়ের সামনে অনুষ্ঠিত এক সমাবেশে নেতৃবৃন্দ বলেন, অবিলম্বে সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করা হলে ছাত্র সমাজ রাজপথের আন্দোলনের মাধ্যমে এদের নির্মূল করবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসীদের গ্রেফতার ও অস্ত্র উদ্ধারের দাবীতে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা নাঈমউদ্দীন, রোকনুজ্জামান, জিয়াউল হক এবং মুজিবুর রহমান মানিক।

বক্তারা ক্যাম্পাসে সন্ত্রাস দমনে সরকার, বিএনপি, আওয়ামী লীগ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি তাদের নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানান।

সমাবেশ শেষে ছাত্র ঐক্যের একটি প্রতিনিধিদল স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করতে গেলে সচিবালয়ের গেটে পুলিশ তাদের বাধা দেয়। স্বরাষ্ট্র মন্ত্রী পুরো প্রতিনিধিদলের সঙ্গে স্যাক্ষাৎ করতে রাজী না হওয়ায় নেতৃবৃন্দ স্মারকলিপি প্রদান না করে চলেআসেন।